# Times Today BD

ডেস্ক রিপোর্ট | দেশজুড়ে | 15 June, 2025

বরিশালের আগৈলঝাড়ায় স্ত্রীকে ঘুমের ওষুধ খাইয়ে শ্যালিকাকে ধর্ষণের চেষ্টার অভিযোগ উঠেছে এক দুলাভাইয়ের বিরুদ্ধে। এ ঘটনায় শ্যালিকার পরিবারের পক্ষ থেকে থানায় লিখিত অভিযোগ দেওয়া হয়েছে।

ঘটনাটি ঘটেছে উপজেলার বাগধা ইউনিয়নের বাগধা গ্রামে।অভিযুক্ত রিপন হাওলাদার (২৫) উজিরপুর উপজেলার হারতা গ্রামের খোকন হাওলাদারের ছেলে।দুই মাস আগে তাঁর সঙ্গে বাগধার সোনিয়া খানমের (২০) বিয়ে হয়।

পরিবার ও অভিযোগ সূত্রে জানা গেছে, বিয়ের কয়েক দিন পর স্ত্রীকে নিয়ে শ্বশুরবাড়িতে বেড়াতে আসেন রিপন।সে সময়ই প্রথম তিনি স্ত্রীকে ঘুমের ওষুধ খাইয়ে তাঁর ছোট বোন রানিয়া খানমকে (১৭) ধর্ষণের চেষ্টা করেন বলে অভিযোগ।

সর্বশেষ ১০ জুন রাতে একই কৌশলে স্ত্রী সোনিয়াকে পাঁচটি ঘুমের ওষুধ খাইয়ে অচেতন করেন রিপন।পরে রানিয়ার মুখ চেপে ধরে তাঁকে ধর্ষণের চেষ্টা করেন তিনি।রানিয়ার গোঙানির শব্দ শুনে পরিবারের লোকজন ছুটে এলে রিপন পালিয়ে যান।

ঘটনার পরদিন ১১ জুন বিকেলে রিপন হাওলাদার স্থানীয় বিএনপির একাধিক নেতাকে নিয়ে শ্বশুরবাড়িতে গিয়ে ‘মীমাংসা’র চেষ্টা চালান।ওই সময় বাগ্‌বিতণ্ডার একপর্যায়ে বাগধা ইউনিয়ন বিএনপির যুগ্ম আহ্বায়ক আহসান খানকে (আপাং) লাঞ্ছিত করেন রানিয়ার মা জেসমিন বেগম।

রিপনের বক্তব্য জানতে একাধিকবার যোগাযোগের চেষ্টা করা হলেও সম্ভব হয়নি।এ বিষয়ে আগৈলঝাড়া থানার পরিদর্শক (তদন্ত) সুংকর মল্লিক বলেন, ‘এ ঘটনায় একটি লিখিত অভিযোগ পেয়েছি।অভিযোগকারী মামলা রেকর্ড করতে চান, সে জন্য তাঁরা নতুন করে অভিযোগ জমা দেওয়ার কথা বলেছেন।

ধর্ষণ অভিযোগ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 03:34

URL: https://www.timestodaybd.com/public/across-the-country/3421842613